শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

যীশু এবং সক্কেয়

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Janie Forest

অভিযোজন: Ruth Klassen
Alastair Paterson
অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2020 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

একদিন যীশু যিরীহো শহরের পাশ দিয়ে যাচ্ছিলেন। অনেক বছর আগে যিহোশূয় এই শহরটিকে ধ্বংস

এখন এটাকে
আবার বানানো
হয়েছিল
এবং ওখানে
অনেক লোক
বাস করত।
তাদের মধ্যে
সক্কেয় নামে
এক
ব্যক্তি থাকত।

অন্য লোকরা তাকে পছন্দ
করত না, কারণ সে তাদের
থেকে কর আদায় করত।

সক্কেয় অনেক টাকা নিজের জন্য রেখে দিত, আর বাদবাকি টাকা সরকারকে দিত।

একজন কর আদায়কারী হওয়ার জন্য সে অনেক ধনী ছিল। সেই জায়গায় তার বড়ি বোধহয় সবচেয়ে বড়ো ও সুন্দর ছিল।



কিন্তু সে বেঁটে ছিল। টাকা-পয়সাতে কম ছিল না, কিন্তু লম্বায় ছোট ছিল। সক্কেয় কোনও দিন অন্য লোকদের মতো লম্বা ছিল না।





সক্কেয় যখন শুনল যে,
যীশু যিরীহোতে এসেছেন।

তখন সে নাসরতের যীশুকে, যিনি নিজেকে ঈশ্বরের পুত্র বলে দাবি করছিলেন, তাকে দেখতে চাইল।



কিন্তু সেখানে প্রচুর ভিড় ছিল,
আর লোকেরা লম্বা ছিল।

সক্কেয় একটা উপায় পেয়ে গেল। যদি সে জনতার আগে গিয়ে গাছে উঠতে পারে, তাহলে সে যীশুকে দেখতে পারে।

ডুমুর গাছে উঠে,
সক্কেয় একটা
ভালো বসার
জায়গা পেল,
ঐখানে বসে সে
যীশুর জন্য
অপেক্ষা
করতে লাগল।

সে হয়তো মনে
মনে চিন্তা
করছিল, “যীশু
আমাকে দেখতে
না পেলেও,
আমি যীশুকে
খুব
ভালোভাবে
দেখতে
পাব”।

ছোট্ট কর-আদায়কারী তার কানকে বিশ্বাস করতে পারছিল না। যীশু গাছের তলায় এসে দাঁড়িয়ে তাকে ডাকলেন, “সক্কেয় তাড়াতাড়ি নেমে এস”।

যীশু সক্কেয়কে ডেকেছিলেন বলে হয়তো সে অবাক হয়ে গিয়েছিলেন।

কিন্তু সে আরও আশ্চর্য হয়ে গিয়েছিল, যখন যীশু তাকে বলল, “আমি আজকে অবশ্যই তোমার ঘরে থাকব”।

সক্কেয় এত জোরে নেমে এল যে, মনে হচ্ছিল যে পড়ে যাবে।

যখন যীশু তার ঘরে এলেন, তখন সক্কেয় শিহরিত হয়ে গিয়েছিল। কিন্তু লোকেরা এটা পছন্দ করল না।

তারা অভিযোগ করল,
সক্কেয়র মতা পাপীর ঘরে
যীশুর যাওয়া
উচিত হয়নি।

যীশু সক্কেয়র মধ্যে এক নতুন জীবন এনেছিলেন।



সক্কেয় বলল,
“প্রভু আমার
অর্ধেক সম্পত্তি
গরিবদের দেব।
যদি আমি
কাউকে
প্রতারণা করে
থাকি, তাহলে
তার চারগুণ
তাকে ফিরিয়ে
দেব”।

সক্কেয়র নতুন জীবনে যীশু খুশি হয়েছিলেন। তিনি লোকদের পাপ থেকে ফিরতে ও সঠিক কাজ করতে দেখতে ভালোবাসতেন ।



যীশু বললেন,
“যারা হারিয়ে
গেছে, তাদের
খুঁজতে ও
পরিত্রাণ দিতে
মনুষ্যপুত্র
এসেছেন”।
সেইদিন
যিরীহোতে যীশু
সক্কেয়কে খুঁজে
পেয়েছিলেন।



যীশু এবং সক্কেয়

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

লুক ১৯

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।"
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে বিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে
এই কথাগুলো বলুন:
প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার
পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার
জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং
আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি,
এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে
সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে
পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!
যোহন ৩:১৬